

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন (৬ষ্ঠ তলা)

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

www.iresppw-brdb.gov.bd/Fax- 8189029

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩- ২৩৫

তারিখঃ ২২/০৫/১৯শ্রিঃ

বিষয়ঃ দায়মুক্ত তহবিলের হিসাবের সঠিকতা যাচাই সংক্রান্ত।

সূত্রঃ ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০২.১২.৯৬ তারিখঃ ০৯/০৮/১৮ শ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের মেয়াদ বিগত ৩০জুন/২০১৮ শ্রিঃ তারিখে সমাপ্ত হয়েছে। প্রকল্প মেয়াদে অর্জিত দায়মুক্ত তহবিল প্রকল্প সদর দপ্তরে প্রেরণের জন্য সূত্রস্থ পত্র মূলে নির্দেশনা দেয়া হয়। কোন কোন উপজেলা দায়মুক্ত তহবিলের পরিমাণ সঠিকভাবে নিরূপন করতে সক্ষম না হওয়ায় প্রকল্প সদর দপ্তর কর্তৃক সফটওয়্যার থেকে তথ্য নিয়ে দায়মুক্ত তহবিলের পরিমাণ নিরূপন করা হয়েছে যা উপজেলা পর্যায়ে বিদ্যমান ক্যাশবহি, লেজার ও সফটওয়্যারের তথ্যের সাথে মিলকরণ/ যাচাই করার জন্য উপজেলাওয়ারী তথ্য প্রদান করা হলো।

এমতাবস্থায়, জানুয়ারী/২০১২ হতে জুন/২০১৮ সময়ের অর্জিত দায়মুক্ত তহবিলের যে হিসাব প্রকল্প সদর দপ্তর কর্তৃক প্রস্তুত করা হয়েছে তা ক্যাশবহি ও লেজারের সাথে যাচাইপূর্বক আগামী ২৩/০৫/১৯ শ্রিঃ তারিখ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে মধ্যে তথ্য প্রদানের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, সফটওয়্যারের মাধ্যমে বছর ভিত্তিক সুফভোগীদের সঞ্চয়ের উপর যে লভ্যাংশ প্রদান করা হয়েছে তা যথাযথভাবে ক্যাশবহি ও লেজার এ পোষ্টিং দেয়া হয়েছে কিনা তাও নিশ্চিত করার জন্য বলা হলো।

সংযুক্তিঃ প্রকল্প সদর দপ্তর কর্তৃক নিরূপিত দায়মুক্ত তহবিলের হিসাব (পিডিএফ ও ওয়ার্ড ফাইল)।

প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম

প্রকল্প পরিচালক (ইরেসপো)

০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

উপজেলাঃ..... (কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

১. উপপরিচালক, বিআরডিবি (কর্মসূচিভূক্ত সকল জেলা)।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৪. পরিচালক(সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা(ইরেসপো) বিআরডিবি (কর্মসূচিভূক্ত সকল উপজেলা)
৬. অফিস নথি/ গার্ড ফাইল।